


স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজি কর্তৃক আয়োজিত তিন দিনব্যাপী প্রযুক্তি গবেষণা, উদ্ভাবন ও শিক্ষা বিষয়ক ৬ষ্ঠ আন্তর্জাতিক কনফারেন্স ICERIE-2021 (International Conference on Engineering Research, Innovation and Education) গত ২৬-২৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। করোনা মহামারির কারণে প্রথমবারের মত আন্তর্জাতিক এই সম্মেলনটির Technical Session গুলো অনলাইনে পরিচালিত হয়েছে। ২৬ ফেব্রুয়ারি সকাল ১০:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের আইআইসিটি ভবনের ভারুয়াল ল্যাবে এই কনফারেন্সের প্রধান পৃষ্ঠপোষক ও বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ সম্মেলনের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কনফারেন্সের পৃষ্ঠপোষক ও এ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: আনোয়ারুল ইসলাম এবং বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানবৃন্দ, বিভিন্ন দপ্তরের প্রধানবৃন্দ, সম্মানিত শিক্ষকমণ্ডলী ও অন্যান্য অতিথিবৃন্দ।

এই কনফারেন্সে বাংলাদেশ ছাড়াও ইউএসএ, ইটালী, বেলজিয়াম, বেলারুশ, কানাডা, মিশর, ফিলিপাইন, স্পেন, দক্ষিণ কোরিয়া, জার্মানি, ইউকে, মালয়েশিয়া ও ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও গবেষকবৃন্দ অংশ নিয়েছেন। আন্তর্জাতিক এ কনফারেন্স তিনটি সেশনে বিভক্ত ছিল: প্র্যানারি, টেকনিক্যাল ও পোস্টার সেশন। প্র্যানারি সেশনে দেশ ও বিদেশের প্রখ্যাত অধ্যাপক ও গবেষকগণ চারটি Key-note ও ছয়টি Invited Paper উপস্থাপন করেছেন। এছাড়া এ কনফারেন্সে ১৪৮ টি গবেষণা প্রবন্ধ ও ৭টি পোস্টার উপস্থাপন করা হয়েছে।

২৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে বিকাল ৩:৩০ ঘটিকায় সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে Best Paper এর জন্য Award প্রদান করা হয়। সিভিল ইঞ্জিনিয়ারিং; এনভায়রনমেন্ট অ্যান্ড আর্কিটেকচার; কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স; মেকানিক্যাল, ম্যানুফ্যাকচারিং অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এবং কেমিক্যাল, ফুড, পেট্রোলিয়াম অ্যান্ড মাইনিং-এর প্রতিটি ক্যাটাগরিতে একটি করে মোট পাঁচটি 'Best Paper' এবং একটি 'Best Poster' Award প্রদান করা হয়েছে।

এই আন্তর্জাতিক কনফারেন্সের সভাপতি ছিলেন অধ্যাপক ড. মুশতাক আহমদ, ডিন, স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজি, শা.বি.প্র.বি., সিলেট এবং কনফারেন্স সেক্রেটারি ছিলেন অধ্যাপক ড. মুহাম্মদ মুহসিন আজিজ খান, বিভাগীয় প্রধান, আইপিই বিভাগ, শা.বি.প্র.বি., সিলেট।



অধ্যাপক ড. মুশতাক আহমদ

Chair, ICERIE-2021

ও

ডিন, স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজি

শা.বি.প্র.বি., সিলেট-৩১১৪।